# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪৬৫

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৮. কোন ব্যক্তি মসজিদে প্রবেশে সময় যে দু‘আ পাঠ করবে

باب فِيمَا يَقُولُهُ الرَّجُلُ عِنْدَ دُخُولِهِ الْمَسْجِدَ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عُثْمَانَ الدِّمَشْقِيُّ، حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ، - يَعْنِي الدَّرَاوَرْدِيَّ - عَنْ رَبِيعَةَ بْنِ أَبِي عَبْدِ الرَّحْمَنِ، عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ سَعِيدِ بْنِ سُوَيْدٍ، قَالَ سَمِعْتُ أَبَا حُمَيْدٍ، أَوْ أَبَا أُسَيْدٍ الأَنْصَارِيَّ يَقُولُ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِذَا دَخَلَ أَحَدُكُمُ الْمَسْجِدَ فَلْيُسَلِّمْ عَلَى النَّبِيِّ صلي الله عليه وسلم ثُمَّ لْيَقُلِ اللَّهُمَّ افْتَحْ لِي أَبْوَابَ رَحْمَتِكَ فَإِذَا خَرَجَ فَلْيَقُلِ اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ مِنْ فَضْلِكَ " .

- صحيح : م

বাংলা

৪৬৫। ’আবদুল মালিক ইবনু সাঈদ ইবনু সুওয়াইদ বলেন, আমি আবূ হুমাইদ (রাঃ) বা আবূ উসাইদ আনসারী (রাঃ)-কে বলতে শুনেছি, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কেউ মসজিদে প্রবেশকালে যেন সর্বপ্রথম নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপর সালাম পাঠ করে, অতঃপর যেন বলেঃ ’হে আল্লাহ! আমার জন্য আপনার রহমতের দরজাগুলো খুলে দিন।’ আর বের হওয়ার সময় যেন বলেঃ ’হে আল্লাহ! আমি আপনার অনুগ্রহ প্রার্থনা করি।’[1]

সহীহ : মুসলিম।

## English

Abu Usaid al-Ansari reported the Messenger of Allah (May peace be upon him) as saying:
when any of you enters the mosque he should invoke blessing on the

prophet (ﷺ) and then he should say: O Allah, open to me the gates of thy mercy. And when he goes out, he should say: O Allah, I ask thee out of Thine abundance.

## ফুটনোট

[1] মুসলিম (অধ্যায়ঃ মুসাফি, অনুঃ মসজিদের প্রবেশের দু‘আ), নাসায়ী (অধ্যায়ঃ মাসাজিদ, অনুঃ মসজিদে প্রবেশ ও বের হওয়ার দু‘আ, হাঃ ৭২৮), ইবনু মাজাহ (অধ্যায়ঃ মাসাজিদ, অনুঃ মসজিদে প্রবেশের দু‘আ, হাঃ ৭৭২), দারিমী (২৬৯), আহমাদ (৩/১৯৭), সকলেই রাবী‘আহ সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57783

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন